



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



নং বিএসইসি/সার্ভেইল্যান্স/২০২০/৯৭৫-১২৭

সেপ্টেম্বর ২১, ২০২০ইং

আদেশ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ মোতাবেক তফসিলে উল্লিখিত মার্জিন ঋণ প্রদান সংক্রান্ত নির্দেশনা নং ৬ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত, এতদ্বারা মার্জিন ঋণ এর সর্বোচ্চ হার/সীমা নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করিলঃ

ক্রমিক নং	ডিএসই এক্স ইনডেক্স (DSE X Index)	সর্বোচ্চ মার্জিন লোনের সীমা
১	৪০০০ এর নিচে	১:১ অর্থাৎ মক্কেল বা গ্রাহকের তহবিলের সমান
২	৪০০১ থেকে ৫০০০	১:০.৭৫ অর্থাৎ মক্কেল বা গ্রাহকের তহবিলের ৭৫%
৩	৫০০১ থেকে ৬০০০	১:০.৫০ অর্থাৎ মক্কেল বা গ্রাহকের তহবিলের ৫০%
৪	৬০০১ বা তদুর্ধ্ব	১:০.২৫ অর্থাৎ মক্কেল বা গ্রাহকের তহবিলের ২৫%

এই আদেশ এতদসংক্রান্ত পূর্বে জারিকৃত কমিশনের আদেশ নং এসইসি/সিএমআরআরসি/২০০৯-১৯৩/১৩৬ তারিখ সেপ্টেম্বর ৩০, ২০১২ ইং এর ধারাবাহিকতায় জারি করা হইল, যাহা অক্টোবর ০১, ২০২০ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান